

# স্বরাষ্ট্র উপদেষ্টার পদত্যাগের দাবিতে মধ্যরাতে উত্তাল ঢাবি

অনলাইন ডেস্ক

০৯ মার্চ, ২০২৫  
০৩:৪৬

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

অন্তর্ভুক্তিকালীন সরকারের স্বরাষ্ট্র উপদেষ্টা জাহাঙ্গীর আলম চৌধুরীর পদত্যাগের দাবিতে মধ্যরাতে উত্তাল ঢাকা বিশ্ববিদ্যালয়। মাগুরার ৮ বছরের শিশু আসিয়াসহ অসংখ্য ধর্ষণ, নারী নিপীড়নের ঘটনায় ব্যর্থতার জেরে তার পদত্যাগের দাবি জানিয়েছেন শিক্ষার্থীরা।

শনিবার (৮ মার্চ) দিবাগত রাত দেড়টার দিকে স্বরাষ্ট্র উপদেষ্টার পদত্যাগের দাবিতে স্লোগান দিতে থাকেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলের আবাসিক শিক্ষার্থীরা। এর আগে রাত ১২টার দিকে বিশ্ববিদ্যালয়ের সুফিয়া কামাল হলের আবাসিক শিক্ষার্থীরা ধর্ষকদের বিচারের দাবিতে বিক্ষোভ মিছিল বের করেন।

সরজমিনে দেখা যায়, দিবাগত রাত পৌনে ১টার দিকে শিক্ষার্থীরা রাজু ভাস্কর্যের পাদদেশে রাস্তায় বসে অবস্থান নিয়েছেন। পরে তাদের সঙ্গে একাত্মতা ঘোষণা করে একে একে বিশ্ববিদ্যালয়ের সকল হলের শিক্ষার্থীরা বিক্ষোভে যোগ দেন। তারা ধর্ষকদের শাস্তির দাবিতে বিভিন্ন স্লোগান দিতে থাকেন।

এসময় শিক্ষার্থীরা ‘এক দুই তিন চার, জাহাঙ্গীর গদি ছাড়’, ‘দফা এক এক দাবি এক জাহাঙ্গীরের পদত্যাগ’ ‘উই ওয়ান্ট জাস্টিস, উই ওয়ান্ট জাস্টিস’, ‘আমার সোনার বাংলায়, ধর্ষকদের ঠাই নাই’, ‘তুমি কে আমি কে, আসিয়া আসিয়া’, তোমার বোন আমার বোন, আসিয়া আসিয়া’, ‘ধর্ষকদের মৃত্যুদণ্ড কার্যকর করতে হবে’ ‘একটা একটা ধর্ষক ধর, ধরে ধরে কবর দে’, ‘ধর্ষকদের কালো হাত, ভেঙে দাও গুঁড়িয়ে দাও’- ইত্যাদি স্লোগান দিতে থাকেন।

শিক্ষার্থীরা অভিযোগ করেন, স্বরাষ্ট্র উপদেষ্টা দেশে নারীদের নিরাপত্তা নিশ্চিত করতে পারেননি। এমনকি ধর্ষকদের শাস্তিও তিনি কার্যকর করতে পারেননি।

বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্রসংসদের কেন্দ্রীয় আহ্বায়ক আবু বাকের মজুমদার বলেন, ‘আমরা দেখে আসছি দীর্ঘদিন ধরে এদেশে বিচারহীনতার সংস্কৃতি চলে আসছে। আমরা আর এভাবে চলতে দিতে পারি না।

স্বরাষ্ট্র উপদেষ্টা দেশের পরিস্থিতি নিয়ন্ত্রণে সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। আমরা তার পদত্যাগের দাবি জানাই।’

